

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন করা]

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ অক্টোবর, ১৪২৭ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

এস.আর. ও. নং-৩৩২-আইন/২০২০/১২৭-মূসক — মূল্য সংযোজন করা ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত বিধিমালার—

(১) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (২) পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিষ্ঠাপিত হইবে, যথা :—

“(২) বিধি (৩) এর উপ-বিধি (২) এ বর্ণিত ছকে উল্লিখিত সেবা ব্যাতীত অন্য কোনো সেবার ক্ষেত্রে সেবা সরবরাহকারী ফরম মূসক-৬.৩ এর মাধ্যমে সেবা সরবরাহ করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।”;

(খ) উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নৃতন উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথা :—

“(৬) বিধি (৩) এর উপ-বিধি (২) এ বর্ণিত ছকে উল্লিখিত বিজ্ঞাপনী সংযোজন এবং টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান শীর্ষক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।”;

(১৩৪৬৩)

মূল্য : টাকা ৪.০০

(গ) উপ-বিধি (৭) এর পরিবর্তে নিম্নলুপ্ত উপ-বিধি (৭) প্রতিয়ুক্তি হইবে, যথা :—

"(৭) হিসাবরক্ষণ কর্মকর্তা বিল পরিশোধের ৩ (তিনি) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিনি প্রয়ে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূল কপি ও ট্রিজারি চালানের মূল কপি সংশৃষ্টি মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি উৎসে মূসক কর্তনকারী সন্তা বা সরবরাহয়ীতাকে প্রদান করিবেন যিনি উহা ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।"

জাতীয় রাজৰ বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
চেয়ারম্যান।

(২) বিধি ৬ এর—

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) উৎসে মূসক কর্তনকারী সন্তা বা সরবরাহকারীতা নিবন্ধিত হইলে—

(ক) পণ পরিশোধের ১৫ (পনেরো) দিনের মধ্যে উৎসে কর্তিত মূসক নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন;

(খ) উৎসে কর্তিত মূসক সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে বৃক্ষিকারী সমন্বয় করিবেন ও নিট প্রদেয় করের বিপরীতে ট্রেজারি চালানের মাধ্যমে জমাকৃত উৎসে কর্তিত মূসক সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ, যদি থাকে, নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা করিবেন;

(গ) উৎসে মূসক কর্তনের ৩ (তিনি) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিনি প্রাপ্তে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূলকপি ও ট্রেজারি চালানের মূলকপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।”;

(ঝ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩) উৎসে মূসক কর্তনকারী সন্তা বা সরবরাহকারীতা মূসক নিবন্ধিত না হইলে সরবরাহকারীকে পণ পরিশোধের ১৫ (পনেরো) দিনের মধ্যে উৎসে কর্তিত মূসক নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক ৩ (তিনি) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিনি প্রাপ্তে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূল কপি ও ট্রেজারি চালানের মূলকপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিবেন।”;